

# ১০ম জাতীয় টিকা দিবস

## ১০মার্চ ২০০২ ইং ২য় রাউন্ড

### এই দিনে ০-৫ বছরের সকল শিশুকে ২ ফোঁটা করে পোলিও টিকা খাওয়ান

### সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ই পি আই), স্বাস্থ্য অধিদপ্তর

পোলিওমুক্ত বাংলাদেশ গড়ুন
জাতীয় টিকা দিবস
NATIONAL IMMUNIZATION DAY
10TH NID

অঙ্গসজ্জা ও পরিকল্পনায়ঃ দি নিউ এ্যাড মিউজিয়াম



بسم الله الرحمن الرحيم

**রাষ্ট্রপতি**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
ঢাকা

**বাণী**
বিসমিল্লাহির রাহমানির রাহিম

বাংলাদেশ পোলিও মুক্ত করার লক্ষ্যে ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড পালিত হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত।

পোলিওমাইলাইটিস রোগ নির্মূল করার লক্ষ্যে নিয়মিত টিকাদান কর্মসূচীর পাশাপাশি জাতীয় টিকা দিবস পালন অত্যন্ত গুরুত্বপূর্ণ। জাতীয় টিকা দিবসের এই দিন দেশের পাঁচ বছরের কম বয়সী প্রায় দু'কোটি শিশুকে পোলিও টিকা খাওয়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। একটি শিশুও যেন পোলিও টিকা খাওয়ানো থেকে বাদ না পড়ে তা নিশ্চিত করা আমাদের সকলের দায়িত্ব ও কর্তব্য। এ কার্যক্রমকে সফল করে তুলতে সরকারী, বেসরকারী ও আন্তর্জাতিক সংস্থার পাশাপাশি সর্বস্তরের জনগণের সহযোগিতা একান্ত প্রয়োজন।

দেশকে পোলিও রোগের অভিশাপ থেকে মুক্ত করার প্রয়াসে আমি এ দিবসের সাফল্য কামনা করি।

অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী

## History of Polio Eradication & NIDs (National Immunization Days) in Bangladesh

**Dr. Mohd. Mahbubur Rahman**
Programme Manager,
Child Health & Limited Curative Care, DGHS.

**What is NIDs** : In May 1988 (41st World Health Assembly ) Government of Bangladesh committed to become polio free country. To fulfill this gracious initiative of global commitment of polio eradication observance of NIDs has been launched in Bangladesh since 1995. NIDs constitute two rounds, which observe 4 to 6 weeks apart. In each round 2 drops of polio vaccine administer to under five children. More over, 4 days house-to house visits also conduct to reach the un-reached to ensure vaccination of each and every child of the country.

**Objectives :**
* To stop spread of wild poliovirus.
* To eradicate polio from Bangladesh to fulfill the global initiative.
* To administer 2 drops of polio vaccine to each and every child less than five years of age irrespective of previous vaccination status throughout the country.

**Facilities :**
* Village areas- All out- reaches center plus additional centers.
* Urban areas-
  * All out- reach center plus additional center.
  * All fixed center (govt. & non- govt. Hospitals, clinics, & voluntary Organizations) including mobile teams for floating & traveling people (Airport, Rail station, Bus station & Ferry ghat). (In total 120,000 center, throughout the country).

**Timing**
* All centers will be kept open from 8.00 am to 4.00 p.m.
* In few urban & industrial areas centers will be kept open beyond 4.00 p.m. facilitate working mothers.

**Identification of centers :**
* Each and every center will be recognized noticing Moni flags, Banners & posters and also
* Information through field workers, volunteers & miking during & before NIDs.

**Who vaccinate :**
Health & Family Planning worker, NGO workers & by trained volunteers where needed.

**Some facts about polio :** * Reservoir
> infects only humans
> no animal reservoir
> does not survive long in the environment
> no long term Carrier State

*** Polio is caused by a virus-**
> 3 virus types
> P1; most common, typically causes outbreaks
> P2; easiest to eradicate
> P3; Oftenlast to be eradicated

- Highly contagious (usually infects 100% of all susceptible)
- enters body through mouth
- reproduces in the intestine where
> some virus is absorbed into the body & attacks nerve cells
> most is eliminated in the stool, infecting other children
* Anyone exposed to the virus is infected
* 1: 100-200 chance of paralysis among those infected
* Infection to onset of paralysis ; 7-21 days
* Paralysis occurs suddenly, and is floppy; this is called Acute Flaccid Paralysis, or AFP
* Maximum excretion of poliovirus in stool is during 14 days after onset of paralysis
* Clusters of susceptible children are needed to maintain circulation

Therefore.........
***It is important to immediately report children with AFP under 15 year's of age to health authorities for investigation and stool collection***

* One good news is that in Bangladesh no polio case is detected after August 2000, till than we must continue NIDs in Bangladesh and do them well!

**Reasons :**
1. Wild poliovirus continues to circulate in India just 50 Km away from Bangladesh-which is a concern
2. More than 10 lakh children born every year remain unprotected against poliovirus (66% OPV3 coverage in routine EPI)
3. AFP surveillance is not adequate in all districts uniformly; as such wild poliovirus may still be possible to persist undetected in some parts of the country
4. Needs to maintain polio-free status for cerification by 2005



بسم الله الرحمن الرحيم

**প্রধানমন্ত্রী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণী**

দেশকে পোলিওমুক্ত করার লক্ষ্যে আগামী ১০মার্চ ২০০২ দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড সফল করতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে জেনে আমি খুশি হয়েছি। সর্বস্তরের জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আর আন্তরিক সহযোগিতায় এ কর্মসূচী দেশ থেকে পোলিও নির্মূল করে আগামী প্রজন্মের সুস্বাস্থ্য নিশ্চিত করবে বলে আমি আশা করি ।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়সহ বিভিন্ন সরকারি, বেসরকারি ও আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় বাংলাদেশ এখন পোলিও মুক্ত হওয়ার দ্বারপ্রান্তে । জাতীয় টিকা দিবসে পাঁচ বছরের কম বয়সী প্রায় দু'কোটি শিশুকে পোলিও টিকা খাওয়ানোর উদ্যোগ নেয়া হয়েছে। এ কর্মসূচীকে সফল করতে সকলের সর্বাত্মক প্রচেষ্টা ও সহযোগিতা প্রয়োজন। আমি আশা করি, দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডের এদিনে অনুর্ধ পাঁচ বছরের সকল শিশুকে পোলিও টিকা খাওয়ানোর মাধ্যমে পোলিও মুক্ত বাংলাদেশ তথা পোলিও মুক্ত বিশ্ব গড়তে আমরা সফল হবো।

আমি দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডের সকল কার্যক্রমের সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ

খালেদা জিয়া



**মন্ত্রী**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণী**

পোলিও মুক্ত বাংলাদেশ গড়তে আগামী ১০ই মার্চ ২০০২ পালিত হতে যাচ্ছে দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড। পোলিও রোগ নির্মূলের লক্ষ্যে এই দিনে পাঁচ বছরের কম বয়সী প্রায় দু'কোটি শিশুকে পোলিও টিকা খাওয়ানো হবে।

সম্প্রসারিত টিকাদান (ইপিআই) টিকাদানের লক্ষ্যমাত্রা অর্জনে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে ব্যাপক সফলতার স্বাক্ষর রাখতে সক্ষম হয়েছে। ইপিআই এর এই সাফল্য দেশের মা ও শিশু মৃত্যুকে উল্লেখযোগ্য হারে হ্রাস করেছে।

পোলিও রোগ নির্মূলের আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে অঙ্গীকারাবদ্ধ হয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ১৯৯৫ সন থেকে জাতীয় টিকা দিবস পালন করছে। ইতোমধ্যে নয় বার সফলভাবে জাতীয় টিকা দিবস পালিত হয়েছে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বে এ বিশাল কর্মসূচী গুটিবসন্ত নির্মূলের মত পোলিও রোগ নির্মূলেও সফলতা অর্জন করবে বলে আমি আশাবাদী ।

জাতীয় টিকা দিবস সার্বিকভাবে সফল করার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পাশাপাশি অপরাপর মন্ত্রণালয়, বেসরকারী ও আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী সংস্থাসহ দেশের প্রতিটি নাগরিকের সক্রিয় সহযোগিতা ও অংশগ্রহণ একান্ত জরুরী।

দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডে পাঁচ বছরের কম বয়সী একটি শিশুও যেন পোলিও টিকা নেয়া থেকে বাদ না পড়ে সে লক্ষ্যে আমাদের প্রত্যেককে যথাযথভাবে দায়িত্ব পালন করতে হবে। আগামী দিনের সম্ভাবনাময় শিশুদের পঙ্গুত্বের অভিশাপ থেকে মুক্ত রেখে নিরাপদ সুন্দর জীবন নিশ্চিত করণই হোক জাতীয় টিকা দিবসে সকলের আন্তরিক প্রচেষ্টা।

দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড সর্বোতভাবে সফল হোক।

ডঃ খন্দকার মোশাররফ হোসেন



**প্রতিমন্ত্রী**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণী**

আগামী ১০ই মার্চ ২০০২ দেশব্যাপী দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডে পালিত হবে। পোলিও রোগ নির্মূলে জাতীয় টিকা দিবস বাংলাদেশের স্বাস্থ্য সেবার ইতিহাসে সফলতার নতুন দিগন্ত উন্মোচন করেছে। দেশকে পোলিও রোগ নির্মূল করতে বাংলাদেশ বিশ্ব পরিমন্ডলে অঙ্গীকারাবদ্ধ। পোলিও মুক্ত বাংলাদেশ গড়তে নিয়মিত টিকাদান কার্যক্রমের আওতায় পোলিও টিকাদানের উচ্চহার অর্জন করার পাশাপাশি বিশেষ কর্যক্রম হিসাবে জাতীয় টিকা দিবস পালিত হচ্ছে।

বিশ্ব স্বাস্থ্য সংস্থার পরামর্শ অনুযায়ী পোলিও রোগ নির্মূল করতে বিশেষ কয়েকটি পদক্ষেপ গ্রহন করা হয়েছে এর মধ্যে একটি নিয়মিত কার্যক্রম হচ্ছে, ওপিভি টিকাদানের হার কমপক্ষে শতকরা ৯০ ভাগের উপরে অর্জন করা। এর সাথে জাতীয় টিকা দিবস পালন এবং প্যারালাইসিস রোগী সনাক্ত করার জন্য শক্তিশালী ও কার্যকর রোগ নিরীক্ষণ ব্যবস্থা গড়ে তুলতে হবে। বাংলাদেশ ইতোমধ্যে এসকল পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে যথেষ্ট সাফল্য অর্জন করেছে। আমরা দৃঢ়ভাবে আশাবাদী যে, বাংলাদেশ পোলিও রোগ চিরতরে নির্মূলে অগ্রণী ভূমিকা পালন করতে সক্ষম হবে।

আমি আন্তরিকভাবে বিশ্বাস করি যে, সকলের আন্তরিক প্রচেষ্টায় ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডের সর্বাঙ্গীন সফলতা বয়ে আনবে।

আমানউল্লাহ আমান



**সচিব**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বাণী**

পোলিও মুক্ত বাংলাদেশ গড়ার মহান অঙ্গীকারকে সামনে রেখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নেতৃত্বাধীনে ১৯৯৫সন থেকে দেশে জাতীয় টিকা দিবস পালিত হচ্ছে। ইতোমধ্যে পর পর নয় বার সফলভাবে জাতীয় টিকা দিবস পালিত হয়েছে এবং এই কার্যক্রমের সাফল্য আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও প্রশংসিত হয়েছে। এবারের জাতীয় টিকা দিবসে যেন একটি শিশুও দেশের কোন গ্রাম বা শহরে টিকার আওতার বাইরে না থাকে তার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাতে সকল সরকারী ও বেসরকারী কর্মী এবং একাজে নিবেদিত বিপুল সংখ্যক স্বেচ্ছাসেবীদের প্রতি সরকার আহ্বান জানাচ্ছে।

আগামী ১০ই মার্চ ২০০২ নিবিড় ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড পালিত হবে। জাতীয় টিকা দিবসের এই দিনে পাঁচ বছরের কম বয়সী প্রায় দু' কোটি শিশুকে পোলিও টিকা খাওয়ানো হবে। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের একার পক্ষে দেশব্যাপী এ বিশাল কার্যক্রম সফল করা সম্ভব নয়। বাংলাদেশ সরকারের সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়সহ বিভিন্ন সরকারী, বেসরকারী ও আন্তর্জাতিক সংস্থার সহযোগিতায় এই কর্মসূচীকে সফল করার ব্যবস্থা নেয়া হয়েছে। সকলের আন্তরিক প্রচেষ্টায় এবারের ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডের কাঙ্খিত সফলতা বয়ে আনবে বলে আমার বিশ্বাস । সকলের সক্রিয় অংশগ্রহণের সাধ্যমে বাংলাদেশ পোলিও রোগ নির্মূল করার আন্তর্জাতিক অঙ্গীকার পালনে সফলকাম হবে বলে আশা করি।

মুহঃ ফজলুর রহমান

**Line Ministries Participationg in Polio Eradication and NIDs:**

* Cabinet
* Agriculture
* Women's & Child Affairs
* Shipping
* Information
* Commerce
* Religious Affairs
* Home
* Primay & Masse ducation
* Youth & Sports
* LGRD
* Defense
* Education
* Social Welfare
* Establishment
* Fisheries & Livestock
* Cultural Affairs
* Finance

**…hers Participating in Polio Eradication in Bangladesh:**

* WHO
* IFRC/BDRCS
* UNICEF
* Bangladesh Cricket Board
* Rotary International
* BRAC
* Centers for Diseas Control & Prevention
* CARE
* IOCH
* CORE NGOs
* Government of Japan
* World Vision
* USAID
* Plan International
* DFID
* Save the Children-USA
* UN Foundation
* PROSHIKA
* Government of the Natherland
* Grameen Bank
* Other NGOs
* Other agencies

**…ase don't keep your child unvaccinated", your cordial response will make Bangladesh a polio-free …try and be a part history**



**মহাপরিচালক**
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

**বাণী**

পোলিও মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে আগামী ১০ই মার্চ ২০০২ তারিখে দশম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড উদযাপিত হতে যাচ্ছে। মা ও শিশু স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনার ক্ষেত্রে জাতীয় টিকা দিবসের গুরুত্ব অপরিসীম। নিয়মিত টিকাদান কার্যক্রমের আওতায় পোলিও টিকা খাওয়ানোর ফলে পোলিও রোগে আক্রান্ত ও পঙ্গুত্বের হার উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। ইপিআই এর নিয়মিত টিকা দানের ফলে শিশু মৃত্যুর হার কমে যাওয়ায় এবং শিশু সুস্বাস্থ্যের নিশ্চয়তায় বাংলাদেশের পরিবারগুলোতে ছোট পরিবার, গড়ে তোলার আগ্রহ বৃদ্ধি পেয়েছে। জাতীয় টিকা দিবসে পাঁচ বছরের কম বয়সী সকল শিশুকে টিকা খাওয়ানো সম্ভব হলে পোলিও রোগের কারণে আর কোন শিশু পঙ্গু হবে না। ফলে স্বভাতঃই ছোট পরিবার গঠনের প্রতি সকলের আগ্রহ আরো অনেকাংশে বৃদ্ধি পাবে।

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মীদের পাশাপাশি অন্যান্য পর্যায়ের কর্মী যেমন- সমাজ সেবা কর্মী, ছাত্র-শিক্ষক, ইমাম, পুরোহিত এবং সমাজের নেতৃস্থানীয় ব্যাক্তিগণ সবাই মিলে ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড সফল করতে এগিয়ে আসবেন। আমার আন্তরিক বিশ্বাস সকলের সম্মিলিত প্রচেষ্টায় জাতীয় টিকা দিবস যে সফলতা বয়ে আনবে তা মা ও শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করণসহ ছোট পরিবার গঠনে জনগণকে ব্যাপকভাবে উদ্বুদ্ধ করবে।

পোলিও মুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে আমি ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডের সাফল্য কামনা করছি।

মোঃ ফজলুর রহমান



**মহাপরিচালক**
স্বাস্থ্য অধিদপ্তর

**বাণী**

বাংলাদেশকে পোলিও মুক্ত করার লক্ষ্যে আগামী ১০ই মার্চ ২০০২ নিবিড় ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড পালিত হতে যাচ্ছে। সম্প্রসারিত টিকাদান কর্মসূচীর (ইপিআই) লক্ষ্য হলো এক বছরের কম বয়সী সকল শিশুকে ছয়টি মারাত্মক রোগের বিরুদ্ধে প্রতিরোধক টিকা দেয়া। পোলিও রোগ নির্মূলে -নিয়মিত টিকা দান কার্যক্রমের পাশাপাশি বিশেষ কার্যক্রম হিসেবে জাতীয় টিকা দিবস পালিত হচ্ছে। বিগত নয়বার জাতীয় টিকা দিবসগুলোতে অর্জিত লক্ষ্যমাত্রা শতকরা প্রায় ৯০ ভাগের উপরে। যা দেশে - বিদেশে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে। এবারের ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ড দেশের পাঁচ বছরের কম বয়সী প্রায় দু' কোটি শিশুকে পোলিও টিকা খাওয়ানোর আয়োজন সম্পন্ন করা হয়েছে। এ বিশাল সংখ্যক শিশুদের একই দিনে টিকা খাওয়ানোর জন্য প্রয়োজন হবে ছয় লাখ স্বেচ্ছাসেবী। এ ব্যাপারে শিক্ষক / শিক্ষিকা, ছাত্র / ছাত্রী, বয়-স্কাউট, গার্ল গাইডস, আনসার, ভিডিপি, এনজিও কর্মীদের ভূমিকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ। আসছে জাতীয় টিকা দিবসে নিজ নিজ এলাকার টিকাদান কেন্দ্রে শিশুদের পোলিও টিকা খাওয়ানোর মাধ্যমে সবাই হতে পারেন গর্বিত স্বেচ্ছাসেবী।

জাতীয় টিকা দিবসের সফলতার জন্য সর্বাগ্রে প্রয়োজন সংশ্লিষ্ট সকলের অকুণ্ঠ সদিচ্ছা এবং সকল স্তরের জনগণের সম্পৃক্ততা।

আসুন, ১০ম জাতীয় টিকা দিবসের ২য় রাউন্ডে এই মহতী কর্মকান্ডে সাড়া দিয়ে বর্তমান ও ভবিষ্যত প্রজন্মের শিশুদের পোলিও রোগের অভিশাপ থেকে মুক্ত করার মানবিক দায়িত্ব পালনে আমরা সবাই একাত্ম হই। পোলিও মুক্ত বাংলাদেশ গড়ুন এবং ইতিহাসের অংশীদার হউন।

অধ্যাপক আ, ব, ম, আহসান উল্লাহ

**Sponsored by : World Health Organization (WHO) & Department for International development (DFID), U.K.**